



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয়

কার্যালয়, রাজশাহী

[dnrcrp.rajshahidiv.gov.bd](http://dnrcrp.rajshahidiv.gov.bd)



নম্বর ২৬.০৪.৮১০০.৫০১.১৭.০০৭.২০.৪০০

তারিখ: ১৬ চৈত্র ১৪২৮

৩০ মার্চ ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ২৯ মার্চ ২০২২ তারিখে রাজশাহী বিভাগীয় কার্যালয়ের ০১ টি টিম কর্তৃক রাজশাহী মহানগরের বোয়ালিয়া ও রাজপাড়া থানায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজশাহী বিভাগীয় কার্যালয় কর্তৃক ২৯/০৩/২০২২ খ্রি: তারিখে সহকারী পরিচালক(মেট্রো) জনাব ওসমান গনী এর নেতৃত্বে রাজশাহী মহানগরের বোয়ালিয়া ও রাজপাড়া থানাধীন এলাকায় অভিযান পরিচালিত হয়। সহকারী পরিচালক(মেট্রো) জনাব ওসমান গনী জাদুঘর মোড় এলাকায় বিসমিল্লাহ এন্টারপ্রাইজ কে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বা সেবা বিক্রয় করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৪০ অনুযায়ী ৫,০০/- টাকা ও উতসব হলের মোড় এলাকায় মা অটো পার্টস কে সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৫২ অনুযায়ী ১,০০০/- টাকা জরিমানা করেন। তিনি কল্পনা হলের মোড় এলাকায় সাদিয়া গ্যাস বিতান কে সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৫২ অনুযায়ী ১,০০০/- টাকা ও মহিষবাথান উত্তরপাড়া এলাকায় মমিন ভ্যারাইটি স্টোর কে সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য করার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৫২ অনুযায়ী ৫,০০০/- টাকা জরিমানা করেন। আজকের ০১টি অভিযানে সর্বমোট ৭,৫০০/- টাকা জরিমানা করা হয়েছে। অভিযান চলাকালে ভোক্তা ও ব্যবসায়ীদের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ সম্বলিত লিফলেট ও মাস্ক বিতরণ করা হয় ও আইনটি মেনে চলতে উদ্বুদ্ধ করা হয়। রাজশাহী মেট্রোপলিটন পুলিশের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

৩০-৩-২০২২

অপূর্ব অধিকারী

উপপরিচালক

ফোন: ০২৫৮৮৮৫০৭৭৪

ফ্যাক্স: ০২৫৮৮৮৫৫৪০৬

ইমেইল: dd-

[rajshahi@dnrcrp.gov.bd](mailto:rajshahi@dnrcrp.gov.bd)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।

- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
- ৩) পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
- ৪) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, এডিএম, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৬) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৭) সহকারী পরিচালক (মেট্রো), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৮) অফিস কপি।